



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
www.rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর : রাশিবো/মাধ্য/পনি-২৭৪

তারিখ : ১৯ জানুয়ারী ২০২০

বিষয় : ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা তাঁর কেন্দ্রের অধীনে প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী বিতরণ করা হবে।

## জেলাওয়ারী কেন্দ্রসমূহের প্রবেশপত্র বিতরণের তারিখ

ক্র: নং	জেলার নাম	প্রবেশপত্র বিতরণের তারিখ ও সময়	বিতরণের স্থান
১.	রাজশাহী ও বগুড়া	২০/০১/২০২০, সোমবার	মাধ্যমিক পরীক্ষা শাখা(পুরাতন ভবন, ২য় তলা, কক্ষ নং-১২১৪)
২.	সিরাজগঞ্জ ও নওগাঁ	২১/০১/২০২০, মঙ্গলবার	
৩.	নাটোর ও পাবনা	২২/০১/২০২০, বুধবার	
৪.	চাঁপাইনবাবগঞ্জ ও জয়পুরহাট	২৩/০১/২০২০, বৃহস্পতিবার	

উল্লিখিত সময়সূচী অনুযায়ী তাঁর কেন্দ্রের অধীনে প্রতিষ্ঠানসমূহের পরীক্ষার্থীদের প্রবেশপত্র রাজশাহী শিক্ষা বোর্ডের দ্বিতীয় তলা মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে কেন্দ্র সচিবকে সরবরাহ করা হবে। প্রবেশপত্র গ্রহণের পর দিনই সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট তাঁদের প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রবেশপত্র হস্তান্তর করা হবে। এ ব্যাপারে কোনরূপ ব্যতিক্রম ঘটলে অথবা কোন অভিযোগ পাওয়া গেলে স্ব-স্ব কেন্দ্র সচিব দায়ী থাকবেন। উল্লেখ্য, প্রবেশপত্র হস্তান্তরের সময় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে কেন্দ্র ফি ব্যতীত অন্য কোন অর্থ আদায় করা যাবে না। তাঁর কেন্দ্রের অধীন কোন প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের পরীক্ষা সংক্রান্ত কোন প্রকার বকেয়া টাকা পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের পূর্বেই তা পরিশোধ করতে হবে, অন্যথায় উক্ত প্রতিষ্ঠানের প্রবেশপত্র সরবরাহ করা হবে না।

উল্লেখ্য, অনুমতিপূর্বক ফরম পূরণ না করে থাকলে এবং ফি প্রদান ব্যতীত কোন প্রবেশপত্র ইস্যু হয়ে থাকলে কালবিলম্ব না করে তা বাতিলের জন্য পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা দিতে হবে এবং কেন্দ্র সচিবকে লিখিতভাবে অবহিত করতে হবে। এতদ সংক্রান্ত বিষয়ে কোন প্রকার জটিলতা দেখা দিলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এককভাবে দায়ী থাকবেন। কেন্দ্র সচিব অথবা তাঁর প্রতিনিধি (সহকারী শিক্ষক)কে ক্ষমতা অর্পণপূর্বক নমুনা স্বাক্ষর সত্যায়ন করে প্রবেশপত্র গ্রহণের জন্য প্রেরণ করতে নির্দেশ প্রদান করা হ'ল।

তাঁর কেন্দ্রের অধীন প্রতিষ্ঠানসমূহে কতটি প্রবেশপত্র দেয়া হ'ল তার একটি প্রতিবেদন কেন্দ্র সচিব নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করবেন।

  
সচিব

ও

দায়ীত্বপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

০৭২১ - ৭৭৬২৩১

প্রাপক

কেন্দ্র সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর অধীভুক্ত মাধ্যমিক পরীক্ষার সকল কেন্দ্র

স্মারক নম্বর : রাশিবো/মাধ্য/পনি-২৭৪(৩৫০)

তারিখ : ১৯ জানুয়ারী ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
২. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৪. জেলা শিক্ষা অফিসার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট
৫. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার
৬. রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৭. প্রধান শিক্ষক/অধ্যক্ষ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহীর অধীভুক্ত মাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান সমূহ।  
তাঁকে কেন্দ্র সচিবের সঙ্গে যোগাযোগ করে তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র নির্ধারিত সময়ের মধ্যে প্রহণের জন্য অনুরোধ করা হ'ল। প্রবেশপত্রে সংখ্যায় কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে জরুরীভাবে বিষয়টি পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করতে হবে। তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কোনরূপ বকেয়া পাওনা থাকলে কেন্দ্র সচিব কর্তৃক প্রবেশপত্র গ্রহণের পূর্বেই বকেয়া টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় তাঁর প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের প্রবেশপত্র কেন্দ্র সচিবকে হস্তান্তর করা হবে না। প্রবেশপত্র গ্রহণের পর যাচাইঅন্তে কোনরূপ গরমিল দেখা দিলে ৩০/০১/২০২০ তারিখের মধ্যে প্রামাণ্য কাগজপত্রসহ প্রতিষ্ঠান প্রধান নিজে উপস্থিত হয়ে পরীক্ষা নিয়ন্ত্রককে লিখিতভাবে অবহিত করবেন। উক্ত তারিখের পর প্রাপ্ত প্রবেশপত্র সংক্রান্ত আবেদন কোনক্রমেই গ্রহণ করা হবে না। এতদপ্রসঙ্গে প্রবেশপত্রের দায়ভার প্রতিষ্ঠান প্রধানকেই বহন করতে হবে।
৮. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
৯. অফিস নথি

  
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

০৭২১ - ৭৭৫৮৫১